

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৬৬৬


তারিখঃ ২৯/০৭/১৯খ্রিঃ

বিষয়ঃ সঞ্চয় তহবিল হতে ঋণ বিতরণ সংক্রান্ত।

সূত্রঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩.২৯, তারিখঃ ০৯/০১/১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিভুক্ত সুফলভোগী সদস্যদের ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে আত্রকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির কার্যক্রম চলমান রয়েছে। মাঠ পর্যায়ে বিদ্যমান ঋণ তহবিলের তুলনায় ঋণের চাহিদা বেশি থাকায় সুবিধাভোগীদের চাহিদা অনুযায়ী ঋণ প্রদানের স্বার্থে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার পৃষ্ঠা নং-২৬ এর অনুষ্টেদ-৫.৪.১১ এবং সূত্রস্থ পত্র মূলে প্রয়োজনে সদস্যদের জমাকৃত সঞ্চয় তহবিলের ৮০% পর্যন্ত ঋণ তহবিল হিসেবে বিতরণ করার নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন উপজেলায় ক্রমাগতভাবে কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপির পরিমাণ বৃদ্ধির দরুন ঋণ তহবিলের ঘাটতি পূরণ ও বেতনভাতা প্রাপ্তি নিশ্চিত করার স্বার্থে সঞ্চয় তহবিল ঋণ আকারে বিতরণ করা হচ্ছে। এতে সুফলভোগীদের জমাকৃত সঞ্চয় তহবিল বিনষ্ট হওয়ার উপক্রম হয়েছে; যা কোন ক্রমেই কাম্য নয়। এমতাবস্থায়, সঞ্চয় তহবিল হতে ঋণ বিতরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য বলা হলোঃ

- ১) উপজেলায় মোট ঋণ তহবিলের ১০% এর অধিক মেয়াদোত্তীর্ণ খেলাপি থাকলে এবং কিস্তি আদায় ন্যূনতম ৪০%(OTR-৪০%) এর কম হলে সঞ্চয় তহবিল হতে ঋণ বিতরণ করা যাবে না।
- ২) যে সকল উপজেলায় ইতঃপূর্বে সঞ্চয় তহবিল হতে ঋণ বিতরণ করা হয়েছে এবং বর্তমানে মোট ঋণ তহবিলের ১০% এর অধিক মেয়াদোত্তীর্ণ খেলাপি রয়েছে এমন উপজেলার ক্ষেত্রে বিতরণকৃত ঋণ (সঞ্চয় তহবিল হতে বিতরণকৃত) আদায়পূর্বক ৮% সেবামূল্যের অর্ধেক অর্থাৎ ৪% লভ্যাংশসহ পর্যায়ক্রমে সঞ্চয় তহবিলে ফেরত দিতে হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি (কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-

তারিখঃ ২৯/০৭/১৯খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১. উপপরিচালক, জেলাদপ্তর, বিআরডিবি (প্রকল্পভুক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার(ইরেসপো), বিআরডিবি, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. পরিচালক(সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো), বিআরডিবি (কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৬. অফিস নথি।

আল-আমিন
সহকারী পরিচালক (ইরেসপো)